

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৫১.১১.০০১.১৭-৫২৬

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ


নিয়োগ আদেশ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের 'বিভাগীয় নির্বাচন কমিটির' সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ও উল্লিখিত বেতন স্কেলে প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নোক্ত ব্যক্তিবর্গকে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করা হল :

ক্রমিক নম্বর	রোল নম্বর	নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫)
১	৪৪০৮	জনাব মনিরা আক্তার পিতা: মুখলেছুর রহমান মাতা: মোছা: আলেয়া আক্তার গ্রাম: বারারচর, ডাকঘর: দুধেরচর উপজেলা: নকলা, জেলা: শেরপুর।	টা.৯,৩০০-২২,৪৯০/-
২	৪১৫৬	জনাব হান্নান পিতা: কারিমুল্লা মাতা: হাছনা গ্রাম: মোমিনপুর, ডাকঘর: মোমিনপুর উপজেলা: ঘাটাইল, জেলা: টাঙ্গাইল।	টা.৯,৩০০-২২,৪৯০/-

শর্তাবলি:

- আগামী ০১/০৮/২০১৮ তারিখের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এ যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে চাকুরিতে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরি করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করে এ নিয়োগপত্র বাতিল হবে।
- সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সনদ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে।
- পুলিশ প্রতিবেদনে (Police Verification) অসত্য তথ্য পাওয়া গেলে এবং বিরূপ মন্তব্য থাকলে নিয়োগ বাতিল হবে।
- কোটায় নিয়োগপ্রাপ্ত ব্যক্তিবর্গের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন যাচাই সাপেক্ষে নিয়োগ কার্যক্রমে কোন প্রকার তথ্যের গরমিল পরিলক্ষিত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- চাকুরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর শিক্ষানবিশকাল হিসাবে চাকুরি গণ্য হবে। শিক্ষানবিশকালে চাকুরি সন্তোষজনক প্রতীয়মান না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত চাকুরিচ্যুত করা হবে।


(পরিমল সিংহ)

উপসচিব

ফোন: ৯৫১৪১৩৩

ইমেইল: admin1@moef.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য:

- অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- অফিস কপি/মাস্টার কপি।